

## শিক্ষা মন্ত্রণালয়ের সাইট হ্যাক করল মিয়ানমারের হ্যাকাররা!

১১ জুন মধ্যরাতে বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয়ের ওয়েবসাইট হ্যাক করেছে মিয়ানমারের হ্যাকাররা।

<http://www.moedu.gov.bd/> সাইটে প্রবেশ করলে দেখা যাচ্ছে, হোম পেজে হ্যাকাররা মিয়ানমারের পতাকা বুলিয়ে দিয়েছে। দেখানো বড় করে লেখা আছে, উই দাত রাখাইন। সাইটটি ওপেন করলেই শোনা যাবে রাখাইন মিউজিক। সাইট হ্যাক তথ্যে দেখা আছে এই সাইটটি হ্যাক করেছে বিলিঙ্ক হ্যাকার গ্রুপ। এছাড়া তারা একটি মেসেজে মিয়ানমার-বাংলাদেশ সীমান্তে বৌদ্ধ ও রাখাইনদের হত্যা বন্ধ করতে বলেছে। এর পর বাজে ভাষায় গালি দিয়ে বাংলাদেশীদের রোহিঙ্গা উর্দেখ করে বলেছে, সীমান্ত হত্যা বন্ধ না হলে রোহিঙ্গাদের ওপর আক্রমণ বন্ধ হবে না (তাই ফলে বাংলাদেশের শিক্ষা মন্ত্রণালয়ের সাইট হ্যাক করেছে)। তারা বাংলাদেশ থেকে তাদের ভূমি ফেরত চেয়ে বলেছে আমাদের ভূমি ফেরত নাও। তারা আরও লিখেছে, আমরা তোমাদের (বাংলাদেশীদের/রোহিঙ্গাদের) খুঁজছি এবং রোহিঙ্গাদের খবর সবাইকে আমরা খুব

শিগগিরই হত্যা করব। সর্বশেষ তাদের মেসেজে তারা আবারও লিখেছে, আমরা রাখাইনদের ভালোবাসি আমরা মিয়ানমারকে ভালোবাসি।

—গ্যাকর ইন্ডিয়াজ আরমান

